

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, বঙ্গবন্ধুকে নিয়ে আমাদের আরও বেশি গবেষণা করতে হবে, তাই নতুন পাঠ্যবইয়ে আরও বৃহৎ পরিসরে বঙ্গবন্ধুর ইতিহাস যুক্ত করার চেষ্টা করছি। গতকাল বুধবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) কেন্দ্রীয় মিলনায়তনে শিক্ষক সমিতি কর্তৃক আয়োজিত জাতীয় শোক দিবসের আলোচনাসভায় শিক্ষামন্ত্রী এসব কথা বলেন।

মন্ত্রী বলেন, বঙ্গবন্ধুর ক্ষমতার প্রতি কোনো মোহ ছিল না। তিনি বলতেন- দেশের মানুষের কল্যাণের জন্য আমাকে ক্ষমতায় যেতে হবে। ঠিক একইভাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনাও বলেছেন, আমি ক্ষমতা চাই না, তবে দেশের মানুষের ভাগ্য বদলের জন্য ক্ষমতায় যেতে চাই। আর তার ক্ষমতায় যাওয়ার ফলশ্রুতিতে বাংলাদেশে আজ কোনো প্রত্যন্ত এলাকা নেই। সবখানে উন্নয়নের ছোঁয়া পোঁছে গেছে।

advertisement

ডা.দী পু মনি বলেন, হত্যাকারীরা যদি আসলেই চাইত বঙ্গবন্ধুকে সরিয়ে রাষ্ট্র ক্ষমতায় যেতে তাহলে শুধু তাকে হত্যা করলে হতো। তার পরিবারের পুরো সদস্যদের কেন হত্যা করা হলো? হত্যাকারীদের উদ্দেশ্য বঙ্গবন্ধুকে নিঃশেষ করা নয়, পুরো একটি আদর্শকে নিঃশেষ করে দেয়া।

বঙ্গবন্ধুর ইতিহাস চর্চার প্রতি গুরুত্বারোপ করে তিনি আরও বলেন, বঙ্গবন্ধুকে নিয়ে আমাদের আরও বেশি করে গবেষণা করতে হবে, তাই সামনের নতুন পাঠ্যবইতে বঙ্গবন্ধুর ইতিহাসকে বৃহৎ পরিসরে যুক্ত করার চেষ্টা করছি।

সভায় শিক্ষক সমিতির সহসভাপতি অধ্যাপক মো. ছিদ্রিকুর রহমানের সভাপতিত্বে আরও বক্তব্য রাখেন জবি কোষাধ্যক্ষ অধ্যাপক কামালউদ্দীন আহমদ এবং জবি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক আবুল কালাম মো. লুৎফর রহমান।

2  
Shares